36

দৈনিক জনকণ্ঠ

তারিখ 27 NOV 1994
পৃষ্ঠা ৭ কলাম ৬

# মানিকগঞ্জে অসংখ্য প্রাথমিক বিদ্যালয় ভবনের করুণ দশা

**মানিকগঞ্জ, ২৬ নবেম্বর (নিজস্ব সংবাদদাতা)।**- মানিকগঞ্জ জেলার অসংখ্য প্রাথমিক বিদ্যালয় ভবনের করুণ দশার ফলে ছাত্রছাত্রীদের লেখাপড়া ব্যাহত হচ্ছে। এর মধ্যে একটি হচ্ছে জেলার প্রথম প্রাথমিক বিদ্যালয় বেতিলা ইউনিয়নের ১ নং সরকারী প্রাথমিক বিদ্যালয়। ১৮৮৩ সালে প্রতিষ্ঠিত এই প্রাচীন স্কুলটির ক্লাসরুমে ছাত্র ছাত্রীরা ক্লাস করতে পারছে না। ১৯৭২ সালে এই স্কুলটির পাকাভবন নির্মাণ করা হয়। নিম্নমানের নির্মাণ সামগ্রী ব্যবহার এবং প্রয়োজনীয় রক্ষণাবেক্ষণের অভাবে গত ৪/৫ বছর যাবত এই স্কুল ভবনের ছাদের ঢালাই ঝরে পড়ছে। ইতোমধ্যে বেশ কয়েকজন ছাত্রছাত্রী আহত হয়েছে। যে কোন সময় এর ছাদ ধসে পড়তে পারে। ভয়ে ছাত্র-ছাত্রী ও শিক্ষকরা স্কুলরুমে ঢুকতে সাহস পাচ্ছে না। মাঠে বসে এদের ক্লাস করতে হচ্ছে। ফলে স্কুলের পাঁচ শতাধিক ছাত্রছাত্রীর লেখাপড়া অনিশ্চিত হয়ে পড়েছে। শিক্ষকদের সাথে আলাপ করে জানা গেল, বিভিন্ন সময় রিপেয়ারিংয়ের জন্য আবেদন-নিবেদন করলেও কোন ফল পাওয়া যায়নি।

সিংগাইর থানার রাজাসুর ৪৭ নং প্রাথমিক বিদ্যালয়েরও একই দশা। ১৯১৮ সালে প্রতিষ্ঠিত এই স্কুলটি এখন পর্যন্ত পাকা করা হয়নি। এমনকি টিনের যে ঘরটি রয়েছে তার অবস্থা অত্যন্ত করুণ। দরজা-জানালা নেই। মেঝের মাটি ধসে বিরাট গর্তের সৃষ্টি হয়েছে। প্রায় ৩০০ ছাত্রছাত্রীর জন্য দু'জন শিক্ষক নিয়োজিত।